

## 161816 - ব্যবসায়িক পণ্যের বর্ষ কিভাবে হিসাব করা হবে; যদি কেউ নগদ অর্থে সেগুলো খরিদ করে থাকেন?

### প্রশ্ন

আমার কাছে যাকাতের নিসাবের চেয়ে বেশি অর্থ থাকলেও সেটার বর্ষপূর্তি হয়নি। এর মধ্যে আমি এই অর্থ দিয়ে একটি ব্যবসায়িক দোকান খুলেছি। আমার উপর এতে কি যাকাত ফরয? যদি জবাব হ্যাঁ হয়; তাহলে পদ্ধতিটা কি?

### প্রিয় উত্তর

#### এক:

যদি কারো সম্পদ নিসাব পরিমাণে পৌঁছে; কিন্তু এর বর্ষপূর্তি না হয়; এরপর এ অর্থ দিয়ে ব্যবসায়িক সামগ্রী ক্রয় করা হয় এবং এ সম্পদের বর্ষপূর্তি হয় তাহলে এতে যাকাত ফরয হবে। আর এক্ষেত্রে ব্যবসায়িক সামগ্রী কেনার সময় থেকে নতুন বর্ষ গণনা করা হবে না; বরং যেই নগদ অর্থ দিয়ে ব্যবসায়িক সামগ্রী ক্রয় করা হয়েছে সেই নগদ অর্থের বছর পূর্ণ হতে যেটুকু সময় বাকী আছে গণনায় সেটা পূর্ণ করা হবে।

#### ইমাম নববী বলেন:

“যদি সেটা (ব্যবসায়িক সামগ্রী)-র মালিক হয় নিসাব পরিমাণ নগদ অর্থের মাধ্যমে; তাহলে এর বর্ষপূর্তি হবে নগদ অর্থের মালিক হওয়ার সময় থেকে...” [আল-মিনহাজ মাআত্তা’ হাশিয়া ‘মুগনিল মুহতাজ’ (২/১০৭) থেকে সমাপ্ত]

#### বৃহত্তী (রহঃ) বলেন:

“যদি বছরের কোন এক সময় নিসাব কমে যায় কিংবা নিসাবের সম্পদকে যদি অন্য কোন প্রকারের সম্পদ দিয়ে বিক্রি করে দেয়; তাহলে বর্ষের হিসাবে বিচ্ছেদ ঘটবে। তবে যদি ব্যবসায়িক সামগ্রীকে মুদ্রা (স্বর্ণ, রৌপ্য বা নগদ অর্থ) দিয়ে পরিবর্তন করে কিংবা ব্যবসায়িক সামগ্রী দিয়ে পরিবর্তন করে; তাহলে এই পরিবর্তনের মাধ্যমে বর্ষের হিসাবে বিচ্ছেদ ঘটবে না। কেননা (নিসাব গণনার ক্ষেত্রে) এগুলোর একটিকে অপরটির সাথে মেলানো হয় বিধায় এগুলো সব এক জাতের বিধানভূক্ত।”[কাশ্শাফুল কিনা (২/১৭৮) থেকে সংক্ষেপিত ও সমাপ্ত]

#### দুই:

আর ব্যবসায়িক সামগ্রীর যাকাত দেয়ার পদ্ধতি হলো: বছর শেষে আপনার কাছে যে সব পণ্য আছে সকল সামগ্রীর মূল্য সেই দিনের বাজারে বিক্রি দরে নির্ধারণ করে শতকরা ২.৫ হারে যাকাত পরিশোধ করা।